

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩২

শান্তিরবাজার, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

বিলোনীয়া রেল পুলিশ স্টেশনের উদ্বোধন
রেলযাত্রীদের সুরক্ষাকে গুরুত্ব দেওয়া হচ্ছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে রেলযাত্রীদের সুরক্ষাকে গুরুত্ব দেওয়া হচ্ছে। রেলযাত্রীদের সুরক্ষাকে অগ্রাধিকারের ভিত্তিতে বিবেচনা করেই রেল পুলিশ স্টেশন গড়ে তোলা হচ্ছে। আজ বিলোনীয়া রেল পুলিশ স্টেশনের আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী জানান, নেশা সামগ্রী পাচার রোধ ও রেলের মধ্যে শৃঙ্খলা বজায় রাখতে এই রেল পুলিশ স্টেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইজিপি সৌমিত্র ধর, সুপারিনটেনডেন্ট অব পুলিশ অমিতাভ পাল।
